তারিখ: ১৭/৯/২০০৬
পৃষ্ঠা: ২ কলাম: ৪

দৈনিক জনকণ্ঠ

# মুক্তিযুদ্ধের ইতিহাস সম্পর্কে আলোচনা এক কলেজ অধ্যক্ষের কাছে অনভিপ্রেত!

**খাগড়াছড়ি, ১৬ সেপ্টেম্বর, নিজস্ব সংবাদদাতা ॥** মুক্তিযুদ্ধের ইতিহাস সম্পর্কে কথা বলাকে খাগড়াছড়ি সরকারী কলেজের অধ্যক্ষ প্রফেসর মোহাম্মদ আল মামুন জাহাঙ্গীরী রাজনৈতিক আলোচনা ও 'অনভিপ্রেত' বলে অভিহিত করেছেন। শনিবার এই কলেজে মুক্তিযুদ্ধবিষয়ক এক কর্মশালা উদ্বোধন করেন বিশিষ্ট ইতিহাসবেত্তা প্রফেসর মুনতাসীর মামুন। তিনি মুক্তিযুদ্ধের ইতিহাসের ওপর গুরুত্বারোপ করে এ ব্যাপারে ছাত্রশিক্ষক সবাইকে যথাযথ ভূমিকা রাখার আহ্বান জানান। কিন্তু কলেজের অধ্যক্ষ কর্মশালায় সভাপতির বক্তব্যদানকালে প্রফেসর মুনতাসীর মামুনের মুক্তিযুদ্ধের ইতিহাস বিষয়ক আলোচনাকে নিছক রাজনৈতিক আলোচনা বলে মন্তব্য করে একে 'অনভিপ্রেত' আখ্যায়িত করার ধৃষ্টতা দেখান।

অধ্যক্ষের ঐ মন্তব্যে উপস্থিত শ্রোতাদের মধ্যে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়।